

📃 আল-ফাজর | Al-Fajr | ٱلْفَجْر

আয়াতঃ ৮৯: ১৮

💵 আরবি মূল আয়াত:

وَ لَا تَحْضُونَ عَلَى طَعَامِ المِسكِينِ ﴿١٨﴾

আর তোমরা মিসকীনদের খাদ্যদানে পরষ্পরকে উৎসাহিত কর না। — আল-বায়ান
আর তোমরা ইয়াতীম মিসকিনকে খাদ্য দেয়ার জন্য পরস্পরকে উৎসাহিত কর না, — তাইসিরুল
এবং তোমরা অভাবগ্রস্তকে খাদ্য দানে পরস্পরকে উৎসাহিত করনা, — মুজিবুর রহমান

And you do not encourage one another to feed the poor. — Sahih International

১৮. এবং তোমরা মিসকীনকে খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত কর না(১),

(১) এখানে তাদের দ্বিতীয় মন্দ অভ্যাস বর্ণনা করা হয়েছে যে, তোমরা নিজেরা তো গরীব-মিসকীনকে খাবার দাওই না, পরম্ভ অপরকেও এ কাজে উৎসাহিত কর না।

তাফসীরে জাকারিয়া

১৮। এবং অভাবগ্রস্তকে খাদ্য দানে পরস্পরকে উৎসাহিত কর না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6011

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন